

বিভিন্ন স্থানে ফাতেহায়ে এয়াজদাহুম মাহফিলে বক্তারা

হযরত গাউসুল আজম ও তাঁর প্রবর্তিত কাদেরিয়া তরিকা যুগে যুগে মুসলমানদের সঠিক পথে দিশা দেবে

হযরত গাউসুল আজম আবদুল কাদের জিলানী রাহমাতুল্লাহি আলায়হি আল্লাহর মনোনীত ধর্ম ইসলামকে বাতিল ফের্কার বিভ্রান্তি থেকে মুক্ত করে এ ধর্মের সঠিক রূপরেখা উপস্থাপন করে ইসলামকে পুনর্জীবিত করেন। তৎকালীন ইসলামের নামে আবির্ভূত মৃতাজিলা ফের্কাসহ বিভিন্ন ভ্রান্ত মতবাদ দল-উপদলের ঈমান বিধ্বংসী চক্রান্ত ও ষড়যন্ত্র থেকে উদ্ধার করেন। তার প্রবর্তিত কাদেরিয়া তরিকা যুগে যুগে মুসলমানদের সঠিক পথের দিশা দেবে। হযরত গাউসুল আজম আবদুল কাদের জিলানী রাহমাতুল্লাহি আলায়হি'র ওফাতবার্ষিকী পবিত্র ফাতেহা এয়াজদাহুম পালনোপলক্ষে বিভিন্ন স্থানে আয়োজিত মাহফিলে বক্তারা এ অভিমত ব্যক্ত করেন।

আনজুমান-এ রহমানিয়া আহমদিয়া সুন্নিয়া ট্রাস্ট

আনজুমান-এ রহমানিয়া আহমদিয়া সুন্নিয়া ট্রাস্টের ব্যবস্থাপনায় ১১ ফেব্রুয়ারী মঙ্গলবার বাদ মাদগরিব যোলশহর আলমগীর খানকা-এ কাদেরিয়া সৈয়দিয়া তৈয়্যবিয়ায় পবিত্র গেয়ারবী শরীফ ও হযরত গাউসুল আজম দস্তগীর রাহমাতুল্লাহি আলায়হি'র পবিত্র ফাতেহা-ই ইয়াজদাহুম মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে বক্তারা বলেন, বিশ্বের বুকে যখন অবিচার অনাচার, পাপাচার, ব্যভিচার ষেচ্ছাচার দুর্নীতিসহ বিভিন্ন অপকর্ম ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে এবং ধর্মের ব্যাপারে মানুষ উদাসীন হয় পড়ে তখন মানবজাতিকে হেদায়তের জন্য আল্লাহ পাক পৃথিবীতে তাঁর মনোনীত বান্দাকে প্রতিনিধি করে পৃথিবীতে পাঠান। এসব প্রতিনিধি অবক্ষয়ে ভরপুর সমাজকে সংস্কার করেন। সংশোধন করেন। ধর্মীয় চেতনাকে উজ্জীবিত করেন আর বিপথগামী মানুষকে দেন সত্য ও সঠিক পথের সন্ধান।

আজ থেকে প্রায় নয়শ বছর পূর্বে বিশ্বের এমন এক নাজুক পরিস্থিতিতে জিলান নগরীতে জন্মগ্রহণ করেন এক জ্যোতির্ময় শিশু। ভূমিষ্ঠ হওয়ার পূর্বাপর যে শিশুর কারামত জগৎবাসীকে বিস্মিত করেছে তিনি হলেন দ্বীনের পুনর্জীবনদানকারী সরকারে হো'জা'হা হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম এবং হযরত মাওলা আলী শেরে খোদা রাহিয়াল্লাহু আনহুর পবিত্র রক্তধারা উত্তরাধিকারী পীরানে পীর দস্তগীর, গাউসে আজম, মাহবুবে সুবহানে কুতুবে রব্বানী, শায়খ হযরত সৈয়দ আবদুল কাদের জিলানী আল্ হাসানী ওয়াল্ হুসাইনী রাহিয়াল্লাহু আনহুমা। তিনি শরিয়ত ও তরিকতের সমন্বয়ে সিলসিলায়ে কাদেরিয়া আলীয়া তরিকা প্রবর্তন করেন। তাঁর প্রবর্তিত

কাদেরিয়া তরিকা যুগে যুগে ইসলাম ও মুসলমানদের সঠিক পথের দিশা দিয়ে আসছে।

বক্তারা আরো বলেন, তিনি পর্দা করার পর এ সিলসিলার মহান খলিফাগণ দ্বীনের খেদমত করে আসছেন। মাশায়েখে কেরামের অসীম ত্যাগ ও অক্লান্ত পরিশ্রমের ফলে এ সিলসিলার সৌরভে দেশের একপ্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত মানুষ পরিশুদ্ধ হচ্ছে এবং লাখ লাখ মুসলমান এ তরিকায় শামিল হয়ে জাগতিক শান্তি ও কল্যাণ এবং পরকালীন মুক্তি নিশ্চিত করার সুযোগ পাচ্ছে। মাহফিলে উপস্থিত ছিলেন আনজুমান-এ রহমানিয়া আহমদিয়া সুন্নিয়া ট্রাস্ট'র সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আলহাজ্ব মুহাম্মদ মহসিন, সেক্রেটারী জেনারেল আলহাজ্ব মুহাম্মদ আনোয়ার হোসেন, এডিশনাল সেক্রেটারী জেনারেল মুহাম্মদ সামুদ্দিন, জয়েন্ট সেক্রেটারী আলহাজ্ব মুহাম্মদ সিরাজুল হক, ফাইন্যান্স সেক্রেটারী মুহাম্মদ সিরাজুল হক, গাউসিয়া কমিটি বাংলাদেশ'র চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ, জামেয়ার চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ দিদারুল ইসলাম প্রমুখ। পূর্বাঞ্চে খতমে ক্বোরআন, খতমে মজমুয়ায়ে সালাওয়াতে রাসূল, খতমে গাউসিয়া শরীফ ও মিলাদ অনুষ্ঠিত হয়। পরে দেশ জাতি ও মুসলিম উম্মার শান্তি কামনায় মুনাজাত করা হয়।

গাউসিয়া কমিটি সৈয়দপুর থানা শাখা

গাউসিয়া কমিটি বাংলাদেশ সৈয়দপুর থানা শাখার উদ্যোগে গত ১০ ফেব্রুয়ারী খানকায়ে কাদেরিয়া তৈয়্যবিয়া তাহেরিয়া গোলাহাটে বড় পীর হযরত আব্দুল কাদের জিলানী (রহঃ) পবিত্র উরশ শরীফ বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ছিল আলোচনা সভা, মিলাদ মাহফিল, খাতমে গাউসিয়া ও মিলাদুনবী মাহফিল।

শাখা সভাপতি অধ্যাপক আব্দুর রউফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন মুহাম্মদ রিদওয়ান আশরাফী। ফাহিম কাদেরীর পরিচালনায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সাহেদ আলী আল কাদেরী, হাফেজ শাহজাদা, আশরাফ কাদেরী, আসলাম কাদেরী প্রমুখ।

রংপুর আফতাবিয়া দাখিল মাদরাসা

রংপুর জেলা শেখ পাড়া আফতাবিয়া দাখিল মাদরাসার উদ্যোগে গত ১০ ফেব্রুয়ারী মাদরাসা প্রাঙ্গনে বড় পীর হযরত আব্দুল কাদের জিলানী (রঃ) পবিত্র উরশ শরীফ পালিত হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা, মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

সংস্থা-সংগঠন-সংবাদ

মাদরাসার ভারপ্রাপ্ত সুপার আমিরুল মোমেনিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান ও বিশেষ অতিথি ছিলেন গাউসিয়া কমিটির কেন্দ্রীয় সহ সাংগঠনিক সম্পাদক মুহাম্মদ রিদওয়ান আশরাফী ও মোহাম্মদ হেলাল (ফোরম্যান)।

লক্ষ্মীপুর জেলা গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি লক্ষ্মীপুর জেলা শাখার উদ্যোগে পবিত্র খতমে গেয়ারভী শরীফ ও ফাতেহা-এ ইয়াজদাহুম গত ১১ ফেব্রুয়ারী দালাল বাজারস্থ খানকা-এ কাদেরিয়া তৈয়্যবিয়া তাহেরিয়ায় অনুষ্ঠিত হয়। জেলা গাউসিয়া কমিটির সভাপতি আলহাজ্ব নূর নবী চৌধুরীর সভাপতিত্বে

অনুষ্ঠিত মাহফিলে ওয়াজ, খতম ও মিলাদ শরীফ পরিচালনা করেন খানকা শরীফুল ইমাম, মাওলানা খোরশেদ আলম আল-কাদেরী ও মাওলানা আবুল কালাম আজাদ। বক্তব্য রাখেন সিনিয়র সহ-সভাপতি মুহাম্মদ রুহুল আমিন, সেক্রেটারী আলহাজ্ব জালাল আহমদ, সহ-সভাপতি মুহাম্মদ বাহার উদ্দিন, যুগ্মসম্পাদক আবুল বশর, অর্থসম্পাদক মুহাম্মদ নূর নবী মন্সুর, প্রচার সম্পাদক মুহাম্মদ মোজাম্মেল হোসেন

সেলিম ও গাউসুল আজম ইসলামিয়া তাহেরিয়া সুন্নিয়া দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মাওলানা মুহাম্মদ মহিউদ্দীন প্রমুখ। উল্লেখ্য, জেলা গাউসিয়া কমিটির উদ্যোগে খানকা শরীফে প্রতি বৃহস্পতিবার বাদ মাগরী খতমে গাউসে শরীফ উদযাপন করা হয়।

বরিশাল জেলা গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি বাংলাদেশ বরিশাল শাখার উদ্যোগে কাদরী মহল খান সড়ক দক্ষিণ আলেকান্দায় ফাতেহা-ই ইয়াজদাহুম মাহফিল পালন করা হয়। আবুল হাসেম হাওলাদারের তত্ত্বাবধানে পালিত অনুষ্ঠানে বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রাক্তন কমিশনার মুহাম্মদ মোফাজ্জেল আলী খান (মিন্টু), আলফাজ উদ্দীন জসীম, মাওলানা মুহাম্মদ ফারুক, মাওলানা ফিরোজ, মাওলানা ইউসুফ,

খতমে গেয়ারভী শরীফের খতমও মোনাজাত করেন মাওলানা মুহাম্মদ ফিরোজ, মাওলানা মুহাম্মদ ইউসুফ।

গাউসিয়া কমিটি কচুয়াই ফারুকী পাড়া শাখা

গাউসিয়া কমিটি পটিয়া কচুয়া ফারুকীপাড়া শাখার উদ্যোগে গত ১৪ ফেব্রুয়ারী ফারুকীপাড়া বায়তুর রহমত জামে মসজিদের সভাপতি আলহাজ্ব মুহাম্মদ ইউনুছ ফারুকীর সভাপতিত্বে আলহাজ্ব মাওলানা মুহাম্মদ মামুনুর রশিদ ফারুকী সঞ্চালনায় পবিত্র ফাতেহা-এ ইয়াজদাহুম ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত মাহফিলে প্রধান আলোচক ছিলেন, গাউসিয়া কমিটি চট্টগ্রাম দক্ষিণ

জেলার সিনিয়র সহসভাপতি আলহাজ্ব মাওলানা হাফেজ আহমদ আলকাদেরী। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অত্র মসজিদের খতিব মাওলানা আবদুল জলিল, মুহাম্মদ গোলাম রব্বান ফারুকী, মুহাম্মদ মহিদুল আলম ফারুকী প্রমুখ। মাহফিলে গাউসিয়া কমিটি বাংলাদেশের পতাকা তলে সকলকে ঐক্যবদ্ধ হয়ে আউলিয়া কেরামের আদর্শ বাস্তবায়নের উদাত্ত আহ্বান জানিয়ে মিলাদ কিয়াম শেষে দোয়া ও মুনাজাতের মাধ্যমে

অধ্যক্ষ আল্লামা মুহাম্মদ জালালুদ্দীন আলকাদেরী ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মনোনীত

জাতীয় মসজিদ চট্টগ্রাম জমিয়তুল ফালাহর খতিব, জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার সাবেক অধ্যক্ষ, দেশের প্রথিতযশা আলেমে দ্বীন ও সুবক্তা আল্লামা মুহাম্মদ জালালুদ্দীন আলকাদেরী (মা.জি.আ.) ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস মনোনীত হয়েছেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫ এর ৬ (১) ধারা মোতাবেক গত ১০ ফেব্রুয়ারী সহকারী সচিব মুহাম্মদ আহছান কবীর স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে অধ্যক্ষ আল্লামা মুহাম্মদ জালালুদ্দীন আলকাদেরীকে ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর পদে ভূষিত করা হয়।

উপমহাদেশের শীর্ষস্থানীয় আলেমে দ্বীন অধ্যক্ষ আল্লামা জালালুদ্দীন আকাদেরী ৪৩ বছর ধরে শিক্ষকতার মধ্যে দশ বছর মুহাদ্দিস হিসেবে এবং তেত্রিশ বছর ধরে দেশখ্যাত দ্বিনি শিক্ষা কেন্দ্র চট্টগ্রাম জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার অধ্যক্ষ পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি দেশ-বিদেশ জাতীয়-আন্তর্জাতিক কনফারেন্স সভা-সেমিনারে অংশগ্রহণ করে দ্বীন প্রচারে অগ্রণী ভূমিকা রেখে আসছেন।

মাহফিল সমাপ্ত হয়।

সাতকানিয়া ধর্মপুর ইউনিয়ন গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি সাতকানিয়া থানার ধর্মপুর ইউনিয়ন শাখার উদ্যোগে গত ১৩ ফেব্রুয়ারী ধর্মপুর মাহত্বীপাড়া ফোরকানিয়া মাদরাসা ময়দানে ফাতেহায়ে এয়াজদাহুম উদযাপন উপলক্ষে পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে প্রধান মেহমান ছিলেন আল্লামা মুফতি সৈয়দ মুহাম্মদ অছির রহমান আলকাদেরী, বিশেষ অতিথি ছিলেন মাওলানা মুহাম্মদ ফরিদুল আলম, মাওলানা মুহাম্মদ রমিজ নূরী, মাওলানা মুহাম্মদ আবু নাসিম, মাওলানা নূর মুহাম্মদ, মাওলানা মুহাম্মদ মোখতার আহমদ শিবলী, মাওলানা মুহাম্মদ হেফাজুজুল ইসলাম, মাওলানা মুহাম্মদ আজিজুল হক, মাওলানা মুহাম্মদ

সংস্থা-সংগঠন-সংবাদ

হারুনুর রশিদ, মাওলানা মুহাম্মদ আবদুল মান্নান, মাওলানা মুহাম্মদ মঈন উদ্দীন।

এতে সভাপতিত্বে করেন ধর্মপূর ইউনিয়ন গাউসিয়া কমিটির সভাপতি মুহাম্মদ ওসমান গণি রেজভী।

জামাল খান ওয়ার্ড গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি জামাল খান ওয়ার্ড শাখা কর্তৃক ১৪ ফেব্রুয়ারী কদম মোবারক শাহী জামে মসজিদে ফাতেহা ইয়াজদাহুম ও খতমে গাউসিয়া শরীফ মাহফিল উদযাপন হয়। মাহফিলে প্রধান আলোচক ছিলেন কদম মোবারক জামে মসজিদের খতিব অধ্যক্ষ মাওলানা বদিউল আলম রেজভী। আলহাজ্ব মুহাম্মদ হানিফের সভাপতিত্বে মাওলানা জহির উদ্দীন তুহিন এর সঞ্চালনায় মাহফিলে প্রধান অতিথি ছিলেন জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ দিদারুল ইসলাম, মেহমান ছিলেন আলহাজ্ব মুহাম্মদ আইয়ুব, মুহাম্মদ হাশেম, মুহাম্মদ জাফর প্রমুখ। মাহফিলে মসজিদের সাবেক খতিব শায়খুল হাদিস আল্লামা ইনামুল হক রাহমাতুল্লাহি আলায়হি'র মাগফিরাত কামনা করা হয়। ওয়ার্ড শাখার সেক্রেটারী মুহাম্মদ জুয়েল এর রোগ মুক্তি কামনা করা হয়।

গাউসিয়া কমিটি রাঙ্গামাটিয়া ওয়ার্ড শাখা

গাউসিয়া কমিটি ফটিকছড়ি পৌর সভার রাঙ্গামাটিয়া ওয়ার্ড শাখার উদ্যোগে গত ১ ফেব্রুয়ারী দক্ষিণ রাঙ্গামাটিয়া ইসলামিয়া এবতেদায়ী মাদরাসা ময়দানে পবিত্র ঈদ-এ মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম ও ফাতেহায়ে ইয়াজদাহুম উপলক্ষে সুন্নিয়া সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি বিশিষ্ট সমাজ সেবক মুহাম্মদ কামাল হোসেন। বাদে আসর হতে ২য় অধিবেশন মাওলানা মুহাম্মদ লোকমান হাকিমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাওলানা মুহাম্মদ রফিকুল আলমের উপস্থাপনায় অনুষ্ঠিত সুন্নি সম্মেলনে উদ্বোধক ছিলেন রাঙ্গামাটিয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সিরাজুল ইসলাম বি.এ। প্রধান অতিথি ছিলেন পৌর মেয়র আলহাজ্ব ইসমাইল হোসেন, বক্তব্য রাখেন মাওলানা আহমদ হোসাইন আলকাদেরী, মাওলানা আবু তাহের আলকাদেরী, মাওলানা আবদুল্লাহ আল মাসউদ আলকাদেরী, মাওলানা ফেরদাউস আলম আলকাদেরী, মাওলানা আমান উল্লাহ, মাওলানা হাফেজ নুরুল হুদা, মাওলানা নাছির উদ্দীন, মুহাম্মদ তোহিদুল আলম, মুহাম্মদ জয়নাল আবেদীন সাহেদ, মুহাম্মদ ইসমাঈল, মুহাম্মদ আবু তালেব, মুহাম্মদ আলী, মুহাম্মদ মহিউদ্দীন প্রমুখ।

ধোপাছড়ি তৈয়্যবিয়া মাদ্রাসা

আনজুমান ট্রাস্ট পরিচালনাধীন চন্দনাইশস্থ ধোপাছড়ি তৈয়্যবিয়া ছাবেরিয়া আজিজিয়া দাখিল মাদরাসা ময়দানে ফাতেহায়ে ইয়াজদাহুম মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন মাদরাসা পরিচালনা কমিটির সভাপতি মুহাম্মদ আলী। প্রধা বক্তা ছিলেন আলহাজ্ব মাওলানা আবুল কাসেম জিহাদী, বিশেষ বক্তা ছিলেন মাওলানা মাহমুদুল ইসলাম।

গাউসিয়া কমিটি খলিলুর রহমান বাড়ী ইউনিট

গাউসিয়া কমিটি বায়েজিদ খানার আওতাধীন হাজীপাড়া হযরত শাহ সুফি মাওলানা খলিলুর রহমান রাহমাতুল্লাহি আলায়হি বাড়ী ইউনিট শাখার উদ্যোগে গত ৭ ফেব্রুয়ারী হাজী পাড়া, হাজী চাঁন মিয়া সওদাগর জামে মসজিদ প্রাঙ্গণে পবিত্র ফাতেহা ইয়াজদাহুম উপলক্ষে নূরানী মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন সমাজসেবক মুহাম্মদ শাহ জাহান, বিশেষ অতিথি ছিলেন মুহাম্মদ আবুল কাশেম লেদু। প্রধান বক্তা ছিলেন নুরুল আবছার আলকাদেরী, বিশেষ বক্তা ছিলেন হাফেজ মাওলানা আহমদুর রহমান। অনুষ্ঠান পরিচালনা করেন, অত্র কমিটির সাধারণ সম্পাদক মুহাম্মদ হেলাল উদ্দীন। আরো উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক মুহাম্মদ ইয়াছিন রাসেল, সহ-সাংগঠনিক সম্পাদক শহিদুজ্জামান বাপ্পি, অর্থ সম্পাদক মুহাম্মদ ইয়াছিন আরাফাত, দপ্তর সম্পাদক মুহাম্মদ ইমরান, প্রচার সম্পাদক মুহাম্মদ হাসনাত, সহ-প্রচার সম্পাদক মুহাম্মদ নোমান। সদস্য মুহাম্মদ বাপ্পি, মুহাম্মদ টিপু, মুহাম্মদ মিরাজ, মুহাম্মদ রিপন, মুহাম্মদ হুদয়, মুহাম্মদ আনিস, মুহাম্মদ রুবেল, মুহাম্মদ মুন্না, মুহাম্মদ তারেক প্রমুখ।

পটিয়া আজিমপুর কাদেরিয়া সুন্নিয়া একাডেমি

পটিয়া আজিমপুর ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম উদযাপন পরিষদের উদ্যোগে কাদেরিয়া সুন্নিয়া একাডেমির সালানা জলসা ও পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল ও ফাতেহা ইয়াজদাহুম অনুষ্ঠিত হয়। মুহাম্মদ এমদাদ হোসেন চৌধুরীর পরিচালনায় ও একাডেমির সভাপতি আলহাজ্ব মাওলানা মুহাম্মদ মঈন উদ্দীন চৌধুরী হালিমের সভাপতিত্বে এ মাহফিলে প্রধান বক্তা ছিলেন মাওলানা ইউসুফ আলকাদেরী, বিশেষ বক্তা ছিলেন মাওলানা হাফেজ আবুল হায়াত, মাওলানা মুহাম্মদ খোরশেদ আলম সিকদার, মাওলানা মুহাম্মদ শেহাব উদ্দীন, মাওলানা মুহাম্মদ আবুল বশর, মাওলানা হাফেজ মুহাম্মদ কামাল উদ্দীন, মাওলানা মুহাম্মদ নুরুল আজম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কচুয়াই ইউনিয়নের চেয়ারম্যান মুহাম্মদ খলিলুর রহমান বাবু, একাডেমির সেক্রেটারী মুহাম্মদ জাকির হোসেন, সহসভাপতি এম নজরুল ইসলাম, অর্থ সম্পাদক এম ইসমাঈল মাস্টার, মুহাম্মদ আবুল ফজল, মুহাম্মদ আবুল মালেক, মুহাম্মদ ফোরকান চৌধুরী, এম মোরশেদ আলম চৌধুরী প্রমুখ।

গাউসিয়া কমিটি ডুমুরিয়া রুদুরা

গাউসিয়া কমিটি আনোয়ারা ডুমুরিয়া রুদুরা শাখার উদ্যোগে ফাতেহায়ে ইয়াজদাহুম উদযাপন উপলক্ষে মাহফিল গত ২১ ফেব্রুয়ারী হাফেজ মাওলানা শামশুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন গাউসিয়া কমিটি আনোয়ারা উপজেলা সহসভাপতি আলহাজ্ব আহমদ কবির, প্রধান আলোচক ছিলেন মাওলানা ফজলুল করিম আনোয়ারী। অধ্যক্ষ কাযী জাকের হোসাইন, হারুনুর রশিদ, মাওলানা মোরশেদুল হক, মাওলানা আবু তৈয়্যব, মাওলানা আরিফুল ইসলাম, মুহাম্মদ আব্বাস আনোয়ারী, মুহাম্মদ সোয়েব, মুহাম্মদ শোয়াইবুল ইসলাম, মুহাম্মদ শাহজাহান, মিনহাজুল ইসলাম, শাহজাহান উদ্দীন, নজরুল সওদাগর, আবুল ফয়েজ সওদাগর।

গাউসিয়া কমিটি সন্দ্বীপ উপজেলা

গাউসিয়া কমিটি বাংলাদেশ সন্দ্বীপ উপজেলা শাখার উদ্যোগে গত ১৬ ফেব্রুয়ারী নাজিরহাটস্থ আয়েশা ওবায়দ বালিকা উচ্চবিদ্যালয় ময়দানে ফাতেহায়ে ইয়াজদাহুম উদযাপন ও ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল অনুষ্ঠিত হয়।

প্রধান শিক্ষক মাওলানা মোজাম্মেল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিলে উদ্বোধক ছিলেন গাউসিয়া কমিটির কেন্দ্রীয় চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ, প্রধান বক্তা ছিলেন জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদের খতিব ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ'র গভর্নর অধ্যক্ষ আল্লামা জালালুদ্দিন আলকাদেরী, বিশেষ বক্তা ছিলেন মাওলানা ইকবাল হোসেন আলকাদেরী, বিশেষ অতিথি ছিলেন গাউসিয়া কমিটি চট্টগ্রাম উত্তর জেলা সভাপতি ইঞ্জিনিয়ার আলহাজ্ব আমিনুর রহমান, সহসভাপতি আলহাজ্ব আবদুস শুক্কুর, দাওয়াতে খায়র সম্পাদক আলহাজ্ব মাওলানা আবদুল খালেক। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সন্দ্বীপ উপজেলা সহসভাপতি মুহাম্মদ বদিউল আলম, মুহাম্মদ শাহজাহান, মুহাম্মদ শাহীদ, মাওলানা রিদওয়ানুল হক হোসাইনী, মাওলানা ইয়াছিন আলকাদেরী। স্বাগত বক্তব্য রাখেন সন্দ্বীপ উপজেলা সভাপতি কাজী জামাল উদ্দীন। মাহফিল পরিচালনা করেন মাওলানা এইছান উল্লাহ ও হাফেজ আহমদ কোম্পানী।

বাকলিয়া ফতেহ আলী রোড শাখা

গাউসিয়া কমিটি বাংলাদেশ ১৯ নম্বর দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড শাখার আওতাধীন ফতেহ আলী রোড শাখার উদ্যোগে গত ২১ ফেব্রুয়ারী ২০১৪ বাদ মাগরিব ফাতেহায়ে ইয়াজদাহুম উদযাপন উপলক্ষে ইউনিট সাধারণ সম্পাদক মুহাম্মদ নুর হোসেনের সভাপতিত্বে মিলাদ মাহফিল ও খতমে গাউসিয়া শরীফ অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন গাউসিয়া কমিটি বাংলাদেশ ১৯নম্বর ওয়ার্ড শাখার প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইলিয়াছ খাঁন, জামাল আহমদ খাঁন, মাওলানা নুরুল আমিন

ছিদ্দিকী, ১৯নম্বর ওয়ার্ড সভাপতি আলহাজ্ব জামাল উদ্দীন সুরঞ্জ, সহ-সভাপতি আলহাজ্ব জয়নুল আবেদীন, সাধারণ সম্পাদক আলহাজ্ব হারুনুর রশীদ, দাওয়াতে খায়র বিষয়ক সম্পাদক মুহাম্মদ হাবীব মনসুর, দপ্তর সম্পাদক মুহাম্মদ শফিকুল ইসলাম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মুহাম্মদ শেখ জামাল, নির্বাহী সদস্য যথাক্রমে মুহাম্মদ নেজামউদ্দীন, মুহাম্মদ রফিকুল ইসলাম, ইউনিট সদস্য মুহাম্মদ হুমায়ুন, মুহাম্মদ নয়ন মিয়া, মুহাম্মদ কবির নজরুল ইসলাম বাবুল, মুহাম্মদ রফিক, মুহাম্মদ আল আমিন প্রমুখ নেতৃবৃন্দ।

বাকলিয়া ওয়াজের আলী রোড শাখা

গাউসিয়া কমিটি বাংলাদেশ ১৯নম্বর দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড শাখার আওতাধীন ওয়াজের আলী রোড শাখার উদ্যোগে গত ২১ ফেব্রুয়ারী বাদ মাগরিব আলহাজ্ব ওয়াজের আলী সওদাগর এবাদতখানায় ফাতেহায়ে ইয়াজদাহুম উদযাপন উপলক্ষে ইউনিট সিনিয়র সহ-সভাপতি মাওলানা মুহাম্মদ নুরউদ্দিনের সভাপতিত্বে মিলাদ মাহফিল ও খতমে গাউসিয়া শরীফ অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন আনজুমান-এ রাহমানিয়া আহমদিয়া সুল্লিয়া ট্রাস্ট এর ফাইন্যান্স সেক্রেটারী আলহাজ্ব মুহাম্মদ সিরাজুল হক, গাউসিয়া কমিটি বাংলাদেশ বাকলিয়া থানা শাখার অর্থ সম্পাদক আলহাজ্ব জয়নুল আবেদীন, ইউনিটের সম্মানিত উপদেষ্টাবৃন্দ যথাক্রমে আলহাজ্ব মুহাম্মদ ছিদ্দিক, আলহাজ্ব ছাবের আহমদ জাহাঙ্গীর, মুহাম্মদ আজিমউদ্দিন, আলহাজ্ব সৈয়দ আহমদ বাবুল, শেখ দিদার উদ্দিন আহমদ, আলহাজ্ব মাহমুদুল হক, আলহাজ্ব জাফর আহমদ, মুহাম্মদ কাসেম, মুহাম্মদ আরিফ, ওয়াজের আলী রোড ইউনিট সহ-সভাপতি মুহাম্মদ খালেদ সোহেল, সাধারণ সম্পাদক মুহাম্মদ হামিদ, সহ সম্পাদক মুহাম্মদ শাহ আলম, দাওয়াতে খাইর বিষয়ক সম্পাদক হাফেজ মুহাম্মদ জসিম, মাওলানা মুহাম্মদ ইউনুছ, মাওলানা মুহাম্মদ গফুর, হাফেজ কায়ছার, মাওলানা আব্দুল কাদের প্রমুখ নেতৃবৃন্দ। ফাতেহায়ে ইয়াজদাহুম-এর উপর সারগর্ভ বক্তব্য রাখেন মাহফিলের প্রধান আলোচক গুলকবহর জামে মসজিদের খতিব আলহাজ্ব মাওলানা আনহারুল হক নঈমী, আলহাজ্ব নুর মুহাম্মদ সওদাগর জামে মসজিদের খতিব আলহাজ্ব মাওলানা শামশুল আলম ও ওয়াজের আলী সওদাগর এবাদতখানার পেশ ইমাম আলহাজ্ব মাওলানা মুহাম্মদ সৈয়দ।

উত্তর কাউলী ওয়ার্ড গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি পাহাড়তলী থানার উত্তর কাউলী ওয়ার্ড শাখার উদ্যোগে ফাতেহায়ে ইয়াজদাহুম মাহফিল গত ১৮ ফেব্রুয়ারী কর্ণেলহাটস্থ খানকায়ে কাদেরিয়া সৈয়াদিয়া তৈয়্যবিয়ায় ওয়ার্ড সহসভাপতি আলহাজ্ব মুছার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে খতমে গাউসিয়া শরীফ পরিচালনা করেন হাফেজ আবদুল হালিম। আরো উপস্থিত ছিলেন, ১০ নম্বর ওয়ার্ড উত্তর কাউলী শাখার সাধারণ সম্পাদক আলহাজ্ব সিরাজ উদ্দীন চৌধুরী,

সংস্থা-সংগঠন-সংবাদ

আবদুল জব্বার, মুহাম্মদ ইকবাল, মফিজুর রহমান, খ. ম. নজরুল, আবু কায়সার, আবদুল আজিজ, এবং ওয়ার্ড কমিটির নেতৃবৃন্দ। উক্ত মাহফিলে গাউসে পাক আবদুল কাদের জিলানী রাহমাতুল্লাহি আলায়হি'র জীবন কর্ম ও তাঁর প্রবর্তিত সিলসিললায়ে কাদেরিয়ার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

মুসলিম হলে শানে রেসালাত ও গাউসুল ওয়ারাহ্ কনফারেন্স

চট্টগ্রাম মুসলিম হলে শানে রেসালাত ও গাউসুল ওয়ারাহ্ কনফারেন্সে বক্তারা বলেছেন, কাদেরিয়া তরিকতের মাধ্যমে দ্বীন ইসলামের আলোকে শিক্ষা জ্বালিয়েছেন গাউসে পাক হযরত সৈয়দ আবদুল কাদের জিলানী রাহমাতুল্লাহি আলায়হি। বক্তারা আরো বলেন, আল্লাহ প্রদত্ত বেলায়েতের শক্তির মাধ্যমে বিশ্বের দরবারে ইসলামকে বিপর্যস্ত অবস্থা থেকে মুক্ত করেন তিনি। অথচ এক শ্রেণির মুসলিম নামধারীরা গাউসে পাক রাহিয়ায়লাহ্ আনহু তথা আউলিয়ায়ে কেরামের বিরুদ্ধে অবস্থান নিয়ে মুসলমানদের মাঝে বিভ্রান্তি ছড়াচ্ছে।

এতে করে হুমকির মুখে ফেলেছে মুসলমানদের ঈমান-আক্বিদা। বক্তারা আওলাদে রাসূল আল্লামা সৈয়দ মুহাম্মদ তৈয়্যব শাহ্ রাহমাতুল্লাহি আলায়হি-এর নির্দেশিত গাউসিয়া কমিটিতে অন্তর্ভুক্তির মাধ্যমে ইসলামের নামে জঙ্গিবাদ ও বিকৃত মতবাদের বিরুদ্ধে মুসলমানদের ঐক্যবদ্ধ হওয়ার ডাক দেন। গাউসিয়া কমিটি বাংলাদেশ কোতোয়ালী (পশ্চিম) থানা শাখা আয়োজিত পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম ও ফাতেহায়ে এয়াজদাহম উপলক্ষে শানে রেসালাত ও গাউসুল ওয়ারাহ্ কনফারেন্স গত ২৩ ফেব্রুয়ারী চট্টগ্রাম মুসলিম হলে থানা গাউসিয়া কমিটির সভাপতি মুহাম্মদ সালামত উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় গাউসিয়া কমিটির চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ। প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় গাউসিয়া কমিটির মহাসচিব আলহাজ্ব শাহজাদ ইবনে দিদার, চট্টগ্রাম মহানগর গাউসিয়া কমিটির সহসভাপতি আলহাজ্ব সিরাজ উদ্দীন কন্ট্রাস্টর, সাধারণ সম্পাদক আলহাজ্ব মাহবুবুল আলম, জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার মুফাচ্ছের মাওলানা বখতিয়ার উদ্দীন আলকাদেরী, সাউদার্ন ইউনিভার্সিটির প্রভাষক মাওলানা সৈয়দ জালাল উদ্দীন আল আজহারী, হালিশহর মাদরাসায়ে তৈয়্যবিয়া ইসলামিয়া সুন্নিয়া মাদরাসার আবরী প্রভাষক মাওলানা আবুল হাসনাত আলকাদেরী। গাউসিয়া কমিটি কোতোয়ালী, (পশ্চিম) থানা শাখার সাধারণ সম্পাদক আলহাজ্ব সাদেক হোসেন পাশ্ব ও মাওলানা কায়সারের যৌথ সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা জসিম উদ্দীন, মাওলানা হারুনুর রশিদ আলকাদেরী, থানা কমিটির কর্মকর্তা আবদুল আলম আবদুল্লাহ, নজরুল ইসলাম

চৌধুরী, মাওলানা শাহ্ আলম, মনসুর আরমান, আকতার উদ্দীন, আবু তৈয়্যব, এমরান হোসেন জুয়েল, মফিজুর রহমান, মুজিবুর রহমান, মুহাম্মদ ইয়াকুব, আওতাধীন ওয়ার্ড কর্মকর্তা আবদুল লফিত, আবুল হাশেম, গোলাম মোস্তফা, মুহাম্মদ হানিফ, ফরিদুল আলম, হাজী সৈয়দুল হক, শিহাব উদ্দীন শাহিন প্রমুখ। পরিশেষে বিশ্ব মুসলিম উম্মাহ্ ও দেশ-জাতির শান্তি-অগ্রগতি কামনা করে মুনাজাতের মাধ্যমে মাহফিলের সমাপ্ত হয়।

আহলে সুন্নাত সংস্থার সমাবেশে বক্তারা জঙ্গিবাদ-নাস্তিক্যবাদ প্রতিরোধে সুফিবাদী মুসলমানদের ঐক্যবদ্ধ হতে হবে

আহলে সুন্নাত সম্মেলন সংস্থা (ওএসি) বাংলাদেশ আয়োজিত ওলামা-মাশায়েখ ও পেশাজীবী সম্মেলনে বক্তারা বলেন, গুটিকয়েকট নাস্তিক্যবাদের কারণে দেশে সাম্রাজ্যবাদীদের লালিত আল কয়েদার মদদপুষ্ট ওহাবী, মওদুদীরা জঙ্গিবাদ ও সন্ত্রাস সৃষ্টি করে চলছে। দেশকে অনিবার্য ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। তাদের কারণে ইসলাম কলঙ্কিত হচ্ছে। বিদেশে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ অবস্থায় সুফিবাদে বিশ্বাসী সর্বস্তরের সুন্নি ওলামা মাশায়েখ ও পেশাজীবীদের ঐক্যবদ্ধ হয়ে সত্যিকার ইসলাম, দেশ ও জাতিকে রক্ষায় এগিয়ে আসতে হবে। গত ২২ ফেব্রুয়ারি নগরীর মুসলিম ইনস্টিটিউট হলে নাস্তিক্যবাদ ও জঙ্গিবাদ রুখতে সুফিবাদী মুসলমানদের করণীয় নির্ধারণ শীর্ষক ওলামা-মাশায়েখ-পেশাজীবী সমাবেশে উপস্থিত অতিথিবৃন্দ একথা বলেন। সংস্থার উপদেষ্টা মুফতি আল্লামা মুফতি ওবায়দুল হক নঈমী, বিশিষ্ট লেখক ও গবেষক আল্লামা এম.এ. মান্নান, রাজনীতিবিদ মাওলানা এম.এ. মতিন, চট্টগ্রাম বার এসোসিয়েশনের সভাপতি এডভোকে আনোয়ারুল ইসলাম চৌধুরী, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক সাংবাদিক রিয়াজ হায়দার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক কাউসার হোসাইন, গাউসিয়া কমিটি বাংলাদেশের চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ, অধ্যক্ষ মাওলানা আবু তালেব মুহাম্মদ আলাউদ্দিন, এডভোকেট মোসাহেব উদ্দিন বখতেয়ার, অধ্যাপক মাসুম চৌধুরী, আল্লামা মুফতি আবদুল ওয়াজেদ, অধ্যক্ষ মাওলানা বদিউল আলম রেজজী, পীরে তরিকত মাওলানা কাজী ছাদেকুর রহমান হাশেমী, মুফতি কাজী শাহেদুর রহমান হাশেমী। সমাবেশ প্রস্তুতি কমিটির সদস্য সচিব মাওলানা গোলামুর রহমান আশরাফ শাহর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে স্বাগত বক্তব্য রাখেন, উপাধ্যক্ষ মাওলানা জুলফিকার আলী, ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে বক্তব্য রাখেন, সংস্থার সভাপতি হাফেজ মাওলানা সোলায়মান আনসারী ও মাওলানা কাজী মুঈন উদ্দীন আশরাফী।

বিভিন্ন স্থানে মিলাদুন্নবী উদ্‌যাপন

গাউসিয়া কমিটি দুবাই শাখা

গাউসিয়া কমিটি বাংলাদেশ সংযুক্ত আরব আমিরাত শারজা জে এণ্ড পি রোড শাখার উদ্যোগে সংগঠনের স্থায়ী কার্যালয়ে শারজাহ্ ওসাকা গ্যারেজ প্রাঙ্গণে ঈদে মিলাদুন্নবী মাহফিল সম্প্রতি অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি মুহাম্মদ ইব্রাহিম এর সভাপতিত্বে মহাসচিব মুহাম্মদ ইলিয়াছ সিকদারের পরিচালনায় এতে প্রধান আলোচক ছিলেন বিশিষ্ট আলোচক হযরত আলহাজ্ব মাওলানা মাহমুদুল্লাহ হোসাইনী, বিশেষ আলোচক ছিলেন হাফেজ মুহাম্মদ ফারুক। উপস্থিত ছিলেন যথাক্রমে মাওলানা তৈয়্যব কাদেরী, মনসুর আলম প্রমুখ। বক্তারা বলেন, মহানবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম এর আদর্শের অনুসরণ-অনুকরণের মাধ্যমেই বিশ্ব মুসলিমের উন্নতি অগ্রগতি নিহিত। সকলকে সত্যিকারভাবে রাসূল প্রেমে উজ্জীবিত হয়ে সুন্দর সমাজ প্রতিষ্ঠায় এগিয়ে আসার আহ্বান জানান।

গাউসিয়া কমিটি পতেঙ্গা থানা

পবিত্র ঈদে মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষে গত ২৫ জানুয়ারী গাউসিয়া কমিটি ৪১ নম্বর ওয়ার্ড-এর আওতাধীন দক্ষিণ পতেঙ্গা কোণার দোকান শাখা এবং আলী হযরত পাঠাগারের যৌথ উদ্যোগে ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে সাবেক কাউন্সিলর আলহাজ্ব সালেহ আহমদ চৌধুরী সভাপতিত্ব করেন। প্রধান আলোচক ছিলেন জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার শায়খুল হাদীস শেরে মিল্লাত আল্লামা মুফতি ওবাইদুল হক নঈমী, বিশেষ বক্তা ছিলেন জামেয়া আহমদিয়া সুন্নিয়া মহিলা মাদরাসার প্রভাষক মাওলানা হামেদ রেযা নঈমী। কলেজিয়েট স্কুল এণ্ড কলেজ এর অধ্যাপক মাওলানা মনিরুল ইসলাম প্রমুখ।

এতে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা শাহাদাত হোসাইন আলকাদেরী, মাওলানা মাসুদ আলম, হাফেজ আলী আকবর, থানা কমিটির সিনিয়র সহসভাপতি আবুল বশর কন্ট্রোলার, ৪১ নম্বর ওয়ার্ড সেক্রেটারী আলমগীর আলম (আংকুর), কোনার দোকান শাখার সভাপতি সিরাজুল মোস্তফা, সুমন, হাজী ইলিয়াস, সাহাব মিয়া, আকরাম হোসেন, তাজ উদ্দীন, সাহাব উদ্দীন ও করম আলী প্রমুখ।

গাউসিয়া কমিটি টেকনাফ শাখা

গাউসিয়া কমিটি টেকনাফ মৌলভী বাজার, ফীলা শাখার উদ্যোগে পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল গত ১০ ফেব্রুয়ারী মুহাম্মদ ইউনুছ মেম্বারএর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। মাহফিলে প্রধান বক্তা ছিলেন মাওলানা নুরুল ইসলাম রহিমী আলকাদেরী, বিশেষ বক্তা ছিলেন

টেকনাফ গাউসিয়া তাহেরিয়া সুন্নিয়া মাদরাসার সুপার মাওলানা মুহাম্মদ লেয়াকত আলী আলকাদেরী। উপস্থিত ছিলেন যথাক্রমে মাওলানা মুহাম্মদ আলী, হাফেজ মহিবুল্লাহ, হাফেজ কবির, মুহাম্মদ সেকান্দর প্রমুখ।

গাউসিয়া কমিটি আতুরার ডিপু শাখা

গাউসিয়া কমিটি পাঁচলাইশ আতুরার ডিপু জাঙ্গালপাড়া শাখার উদ্যোগে ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম উপলক্ষে সুন্নি কনফারেন্স স্থানীয় শাহী জামে মসজিদে চত্বরে থানা শাখার সভাপতি আলহাজ্ব সিরাজ উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন আল্লামা আবুল কাশেম নূরী, বিশেষ অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় গাউসিয়া কমিটির যুগ্ম মহাসচিব এড. মোছাহেব উদ্দীন বখতিয়ার, অধ্যক্ষ মাওলানা জাফর আহমদ বদরী, মাওলানা ইউসুফ আলকাদেরী, মাওলানা রাশেদুল ইসলাম আলকাদেরী। মাহফিলে উদ্বোধন করেন মাওলানা মুহাম্মদ ইব্রাহিম ফারুকী।

নীলফামারী তাহেরিয়া বদরুল

আলম সুন্নিয়া মাদরাসা

নীলফামারী জেলার চিলাহাটি তাহেরিয়া বদরুল আলম সুন্নিয়া (দাখিল) মাদরাসা পরিচালনা কমিটির নেতৃত্বে ১২ রবিউল আউয়াল সকাল ১০ ঘটিকায় চিলাহাটিতে জশনে জুলুসে ঈদে মিলাদুন্নবীর (ধর্মীয় র্যালী) বের হয়। এ জুলুস মাদরাসার ময়দান হতে শুরু হয়ে গোমনাতী বাজার রোড, ডোমার রোড, চিলাহাটি পুলিশ ফাড়ি রোড ও মুক্তিরহাট রোড প্রদক্ষিণ শেষে আয়োজিত মাহফিলে কমিটির নেতৃবৃন্দ, মাদরাসার ছাত্র-শিক্ষক-কর্মচারী বৃন্দ, অভিভাবক বৃন্দ, স্থানীয় পীর ভাই সহ সর্বস্তরের মানুষ অংশ গ্রহণ করেন। জুলুস শেষে সমবেত মজলিশের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মাদরাসার সুপার মাওলানা ফরিদুল ইসলাম। মিলাদ-কিয়াম, দোয়া মাহফিল ও তবারুক বিতরণের মধ্য দিয়ে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

লক্ষীপুর জেলা গাউসিয়া কমিটি

লক্ষীপুর জেলা গাউসিয়া কমিটির উদ্যোগে গত ১২ রবিউল আউয়াল জশনে জুলুসে ঈদে মিলাদুন্নবী ব্যাপক ও উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে পালিত হয়। দালাল বাজারস্থ খানকা-এ কাদেরিয়া তৈয়্যবিয়া তাহেরিয়া থেকে জশনে জুলুস আরম্ভ হয়ে গুরুত্বপূর্ণ সড়ক প্রদিক্ষণ শেষে গাউসুল আজম ইসলামীয়া তাহেরিয়া সুন্নিয়া মাদরাসায় মাহফিল ও মিলাদ কিয়াম, তাবারুক বিতরণের মাধ্যমে সমাপ্তি হয়।

জেলা গাউসিয়া কমিটির সভাপতি আলহাজ্ব নূর নবী চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিলে বক্তব্য রাখেন মাওলানা মুহাম্মদ শরীফুল ইসলাম, মাওলানা ফয়েজুল ইসলাম ও মাওলানা মহিউদ্দীন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র সহসভাপতিত্ব রুহুল আমিন, সহসভাপতি মুহাম্মদ বাহার উদ্দীন,

সংস্থা-সংগঠন-সংবাদ

সেক্রেটারী আলহাজ্ব জালাল আহমদ, আবুল বাশার, খোয়াজ আহমদ, নূর নবী মান্নান, মুহাম্মদ মোজাম্মেল হোসেন সেলিম প্রমুখ।

দেওয়ান বাজার ওয়ার্ড গাউসিয়া কমিটি

গাউসিয়া কমিটি দেওয়ান বাজার ওয়ার্ড শাখা ও ইউনিট সমূহের যৌথ উদ্যোগে স্থানীয় কোরবানীগঞ্জ চুল মোবারক জামে মসজিদে গত ২৮ জানুয়ারী পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু মাহফিল অনুষ্ঠিত হয়। হাজী ইব্রাহীমের টিপু সভাপতিত্বে মুহাম্মদ আবদুছ ছালাম বালীর পরিচালনায় অনুষ্ঠিত মাহফিলে প্রধান আলোচক ছিলেন মাওলানা কাজী ছাবের আহমদ আলকাদেরী, বিশেষ আলোচক ছিলেন হাফেজ মাওলানা ফয়েজ আহমদ, হাফেজ মাওলানা মুহাম্মদ আবুল হোসেন আলকাদেরী, মাওলানা মুহাম্মদ নাছির।

প্রধান অতিথি ছিলেন ২০ নম্বর দেওয়ান বাজার ওয়ার্ড কাউন্সিলর প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, বিশেষ অতিথি ছিলেন গাউসিয়া কমিটির কেন্দ্রীয় চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ ও নগর প্রচার সম্পাদক ছাবের আহমদ। মাহফিলে উপস্থিত ছিলেন মাওলানা জয়নাল আবেদীন, ফকির মুহাম্মদ, হাজী নাছির ফকির, মোতাহের আলী, হাজী আবদুল মজিদ, আশরাফ রাফী, তাজউদ্দীন সুমন, নওশাদ আলী খান, ফেরদৌস আলী সিলেট, ইমতিয়াজ উদ্দীন, আবদুল গফুর, মনির আহমদ, গিয়াস উদ্দীন দিদার, মুহাম্মদ ওমর ফারুক, মুহাম্মদ মহিউদ্দীন, মুহাম্মদ রাশেদ, জুনাইদ আরেফীন, মুহাম্মদ আবু সওদাগর, ইকাবাল আলী সাবু, মুহাম্মদ আলমগীর, রফিকুল আলম, ওয়াহিদুল আলম জিমি ও প্রমুখ।

গাউসিয়া কমিটি চট্টগ্রাম উত্তর

জেলার কাউন্সিল সম্পন্ন

গাউসিয়া কমিটি বাংলাদেশ চট্টগ্রাম উত্তর জেলার দ্বিবার্ষিক কাউন্সিল গত ২৪ ফেব্রুয়ারী নগরীর অক্সিজেনস্ট্র একটি কমিউনিটি সেন্টারে সম্পন্ন হয়। চট্টগ্রাম উত্তর জেলা গাউসিয়া কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার আলহাজ্ব আমিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন গাউসিয়া কমিটির কেন্দ্রীয় চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ। প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় মহাসচিব আলহাজ্ব শাহজাদ ইবনে দিদার, বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব এডভোকেট মোছাহেব উদ্দিন বখতিয়ার, আলহাজ্ব মাহবুবুল হক খান, সাংগঠনিক সম্পাদক মাহবুব ইলাহি সিকদার, দক্ষিণ জেলার সাংগঠনিক সম্পাদক শেখ মুহাম্মদ সালাউদ্দিন।

কাউন্সিলের শুরুতে দ্বিবার্ষিক প্রতিবেদন পাঠ করেন উত্তর জেলা সেক্রেটারী আলহাজ্ব আবদুস শুক্কুর। প্রতিবেদনের উপর আলোচনায় অংশ নেন আওতাধীন থানার প্রতিনিধিবৃন্দ। কেন্দ্রীয় প্রতিনিধি ও কাউন্সিলরদের সমন্বয়ে গঠিত নির্বাচন কমিশনের সর্বসম্মতিক্রমে আলহাজ্ব ইঞ্জিনিয়ার আমিনুর রহমান

সভাপতি, এড. জাহাঙ্গীর আলম চৌধুরীকে সেক্রেটারী নির্বাচিত করা হয়। কমিটির অন্য নেতৃবৃন্দ হচ্ছেন সি.সহসভাপতি আলহাজ্ব মুছা চৌধুরী, সহসভাপতি আলহাজ্ব আবদুস শুক্কুর, যুগ্ম সম্পাদক ইয়াছিন হোসাইন হায়দরী, সহসেক্রেটারী আলহাজ্ব হারুন সওদাগর, ইঞ্জিনিয়ার নুরুল আজিম, সাংগঠনিক সম্পাদক কামরুল আহছান চৌধুরী, সহসাংগঠনিক সম্পাদক কাজী মুহাম্মদ লোকমান, অর্থসম্পাদক আলহাজ্ব আবু মনসুর, সহঅর্থ সম্পাদক কাজী আবদুর রউফ, দাওয়াতে খায়র সম্পাদক মাওলানা আবদুল খালেক, দপ্তর সম্পাদক এস এম জহিরুল ইসলাম, সহদপ্তর সম্পাদক মাস্টার খোরশেদুল আলম, সমাজ সেবা সম্পাদক আলহাজ্ব জমির হোসেন মাস্টার, প্রচার ও প্রকাশনা সম্পাদক নাজমুল হায়দার বিন খায়র, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক হাফেজ আহমদ সহ ৪৪ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি গঠন করা হয়।

পাহাড়তলী থানা শাখার সভা

গাউসিয়া কমিটি পাহাড়তলী থানা শাখার উদ্যোগে হাজী আবদুল আলী জামে মসজিদে পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম মাহফিল ও মাসিক সভা আলহাজ্ব শামসুদ্দিন আহমদের সভাপতিত্বে গত ২৪ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ গ্রহণ করেন মাওলানা সোলাইমান আলকাদেরী, আলহাজ্ব ইদ্রিস মুহাম্মদ নুরুল হুদা, মুহাম্মদ ইউসুফ সওদাগর, মুহাম্মদ ইউসুফ, মুহাম্মদ মুলিম উদ্দীন, মুহাম্মদ আইয়ুব (বাবুল), মুহাম্মদ হারুন, আলহাজ্ব সিরাজ উদ্দীন চৌধুরী, মুহাম্মদ সাহাবুদ্দীন, মুহাম্মদ মফিজুর রহমান, মুহাম্মদ জসিম উদ্দীন, মুহাম্মদ সালাউদ্দীন কাদেরী, কামাল আহমদ (মজু), মুহাম্মদ নিজাম উদ্দীন প্রমুখ।

দক্ষিণ কাউলী শাখার দাওয়াতে খায়র মাহফিল

গাউসিয়া কমিটি দক্ষিণ কাউলী শাখার উদ্যোগে খতমে গাউসিয়া শরীফ ও দাওয়াতে খায়ের মাহফিল গত ২৭ ফেব্রুয়ারী কামাল আহমদ (মজু)’র সভাপতিত্বে হযরত হামিদ শাহ রাহমাতুল্লাহি আলায়হির মাজার চত্বরে অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ গ্রহণ করেন মাওলানা সোলামান আলকাদেরী। বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক মুহাম্মদ মুসলিম উদ্দীন, সাংগঠনিক সম্পাদক কাজী মুহাম্মদ আবদুল হাফেজ, অর্থ সম্পাদক ডা. এ কে সামশুদ্দিন রাসেল, কাজী মুহাম্মদ রবিউল হোসেন রানা, মুহাম্মদ শাহাদাত হোসেন তুষার, মুহাম্মদ শাহাদাত হোসেন, মুহাম্মদ মেহদী হাসান, মুহাম্মদ জুয়েল, মুহাম্মদ দেলোয়ার হোসেন, মুহাম্মদ শাহজাহান প্রমুখ।

কাজিরদিঘী ইউনিট শাখার সভা

গাউসিয়া কমিটি পাহাড়তলী থানাধীন কাজির দিঘী ইউনিট কমিটির মাসিক সভা গত ৬ ফেব্রুয়ারী কাজী মুহাম্মদ আবদুল হাফেজের সভাপতিত্বে হযরত জয়নাল আবেদীন শাহ রাহমাতুল্লাহি আলায়হির মাজার চত্বরে অনুষ্ঠিত হয়। এতে

সংস্থা-সংগঠন-সংবাদ

প্রধান অতিথি ছিলেন গাউসিয়া কমিটি দক্ষিণ কাউলী ওয়ার্ড সাধারণ সম্পাদক মুহাম্মদ মুসলিম উদ্দীন। উপস্থিত ছিলেন মুহাম্মদ শাহজাহান, মুহাম্মদ হারুনুর রশিদ, ডা. এ কে শামসুদ্দীন রাসেল, মুহাম্মদ নুরুল আমিন, মুহাম্মদ জাহেদুল ইসলাম, মুহাম্মদ শাহিনুর আযাদ প্রমুখ।

জিরি ৪ নম্বর ওয়ার্ড শাখার কাউন্সিল

গাউসিয়া কমিটি পশ্চিম পটিয়া থানাধীন জিরি ইউনিয়নের আওতাধীন জিরি ৪নম্বর ওয়ার্ড শাখার কাউন্সিল গত, ১৪ ফেব্রুয়ারী জিরি কাজিরহাট এবাদত খানায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ওয়ার্ড আফ্রায়ক আলহাজ্ব কাজি মুহাম্মদ নাজিম উদ্দীন। প্রধান অতিথি ছিলেন কমিটির উপদেষ্টা কাজি মুহাম্মদ মোরশেদ, প্রধান বক্তা ছিলেন জিরি ইউনিয়ন সভাপতি মুহাম্মদ সাইসুল ইসলাম, বিশেষ বক্তা ছিলেন, ইউনিয়ন সিনিয়র সহসভাপতি মুহাম্মদ আবদুল্লাহ আল হারুন, বিশেষ অতিথি ছিলেন জিরি ইউনিয়ন সাধারণ সম্পাদক মুহাম্মদ শফিউল আজম বাদশা, সাধারণ সম্পাদক মুহাম্মদ বেলাল। আলোচনায় অংশ গ্রহণ করেন মুহাম্মদ সামশু সওদাগর, শফি সওদাগর, আরাফাত আসিফ ও ছমায়ুন। কাউন্সিলের দ্বিতীয় অধিবেশনে ২৩ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ এবং আলহাজ্ব কাজি নাজিমকে সভাপতি ও মুহাম্মদ আরাফকে সাধারণ সম্পাদক ও আসিফকে সাংগঠনিক সম্পাদক করে ৪১ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করা হয়।

পটিয়া ফারুকী পাড়া গাউসিয়া কমিটির

শিক্ষা সামগ্রী বিতরণ

গাউসিয়া কমিটি পটিয়া কচুয়াই ফারুকী পাড়া শাখার উদ্যোগে ও ফারুকীয়া সমাজ কল্যাণ সংস্থার ব্যবস্থাপনায় পরীক্ষার্থীদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ ও গুণীজন সম্বর্ধনা সভা সম্পন্ন হয়। আবদুল জব্বার ফারুকীর সভাপতিত্বে, সেক্রেটারী এডভোকেট রেফায়াত হাসান ফারুকী (জসিম)’র সঞ্চালনায় স্থানীয় কচুয়াই সিটি সরকারী প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন সমাজ সেবক ডি আই জি (পুলিশ) শাহ আলম ফারুকী, বিশেষ অতিথি ছিলেন শওকত আলী চৌধুরী, মাস্টার মুহাম্মদ আবুল কাসেম, শহিদুল ইসলাম চৌধুরী শামীম, এস এম ইনজামামুল হক (জসিম), মুহাম্মদ খোকন ফারুকী, মুহাম্মদ ইকবাল ফারুকী, আলহাজ্ব ইয়াছিন ফারুকী, আবদুল মালেক ফারুকী, গাউসিয়া কচুয়াই ফারুকী পাড়া শাখার সেক্রেটারী আলহাজ্ব মাওলানা মুহাম্মদ মামুনুর রশিদ ফারুকী, ইউপি সদস্য মুহাম্মদ মোরশেদ ফারুকী প্রমুখ।

বোয়ালখালী তৈয়্যবিয়া মাদরাসায় দোয়া মাহফিল

বোয়ালখালী করলডেঙ্গা গাউসিয়া আজিজিয়া তৈয়্যবিয়া সুন্নিয়া দাখিল মাদরাসার ২০১৪ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য দোয়া মাহফিল, অভিভাবক সমাবেশ, পুরস্কার বিতরণ অনুষ্ঠান মাদরাসা পরিচালনা কমিটির সভাপতি আলহাজ্ব আজিজুল হক

মেম্বার এর সভাপতিত্বে এবং মাদরাসার সহ সুপার আলহাজ্ব মাওলানা নুরুল ইসলাম রহিমীর সঞ্চালনায় অনুষ্ঠিত হয়। এতে অতিথি ছিলেন কাজি মাওলানা মিজানুল কাদের, মুহাম্মদ এনামুল হক তালুকদার। বক্তব্য রাখেন যথাক্রমে মাওলানা ইসমাইল আশরাফী, মাওলানা সোহেল আজাদ, মাস্টার শাহজাহান হানিফ, মাস্টার আতাউর রহমান, মাস্টার সরফুদ্দিন, শিক্ষিকা নাসরিন ফাতেমা। পরিশেষে শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যত কামনায় মোনাজাত করেন মাদরাসার অধ্যক্ষ মাওলানা জাহেদুল হক তালুকদার আলকাদেরী।

বন্দর তৈয়্যবিয়া মাদরাসায় দু’আ মাহফিল

নৈতিকতার অবক্ষয়ের যুগ-সন্ধিক্ষণে জ্ঞান অর্জনের পাশাপাশি চারিত্রিক ও আদর্শিক বলিষ্ঠতা অর্জন করতে পারলেই আলোকিত জীবন গঠনের পথ সুগম হবে। আজকের শিক্ষার্থীরাই আগামী দিনে ইসলাম, দেশ ও জাতির উজ্জ্বল আলোক বর্তিকা গত ৫ ফেব্রুয়ারী সকাল ১টায় আনজুমান ট্রাস্ট পরিচালিত বন্দরস্থ তৈয়্যবিয়া ইসলামি সুন্নিয়া ফাযিল মাদরাসায় ২০১৪ সালের দাখিল পরীক্ষার্থীদের সাফল্য কামনায় এক দু’আ মাহফিল অনুষ্ঠানে সভাপতির বক্তব্যের মাদরাসার অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ বদিউল আলম রিজভী উপরোক্ত অভিমত ব্যক্ত করেন। মাদরাসার আরবি প্রভাষক মাওলানা মুহাম্মদ আবুল হাসানাত আলকাদেরীর সঞ্চালনায় পরীক্ষার্থীদের করণীয় সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন যথাক্রমে উপাধ্যক্ষ মাওলানা আবুল কালাম আমিরী, মাওলানা এ আসে এম জালাল উদ্দীন ফারুকী, অধ্যাপক জসিম উদ্দীন মুহাম্মদ ইকবাল, অধ্যাপক আলতাফ ফিরোজ মণ্ডল, প্রভাষক আমির আলী, প্রভাষক মাওলানা মুজিবুর রহমান, সিনিয়র শিক্ষক এ কে এম রফিক উল্লাহ খান, খান মাওলানা ইউনুস তৈয়্যবি, মাওলানা জহির উদ্দীন তুহিন, সহকারী শিক্ষক আতাউর রহমান কায়সার, মাওলানা কায়সার হোসাইন প্রমুখ। সভায় বর্তমান দশম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীরা দাখিল পরীক্ষার্থীদের মানপত্র প্রদান এবং পুষ্পবস্তক অর্পণের মাধ্যমে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন

নগরীর বন্দর থানাধীন আনজুমান ট্রাস্ট পরিচালিত তৈয়্যবিয়া ইসলামিয়া সুন্নিয়া ফাযিল মাদরাসার ছাত্র-ছাত্রীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৪ মাদরাসা প্রাঙ্গণে গত ১৬ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্বে করেন মাদরাসার অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ বদিউল আলম রিজভী। প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কৃত করেন মাদরাসা পরিচালনা পর্ষদ’র চেয়ারম্যান, বিশিষ্ট ক্রীড়া সংগঠক, শিল্পতি মুহাম্মদ মনজুর আলম মনজু। অতিথি ছিলেন যথাক্রমে উপাধ্যক্ষ আবুল কালাম আমিরি, এ এস এম জালাল উদ্দীন ফারুকী, ক্রীড়া অনুষ্ঠানের

সংস্থা-সংগঠন-সংবাদ

সার্বিক পরিচালনায় ছিলেন সিনিয়র শিক্ষক আতাউর রহমান কায়সার, জুনাইদ ফারুক, মুহিউদ্দীন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, যোগ্যতা অর্জনের লক্ষ্যে পড়া লেখার পাশাপাশি সুস্থ বিনোদনের অনুষ্ঠান হিসেবে ক্রীড়া চর্চার উপর গুরুত্বারোপ করেন।

চন্দ্রঘোনা তৈয়্যবিয়া মহিলা মাদরাসায়

সবক্ অনুষ্ঠান সম্পন্ন

পবিত্র ঈদে মিলাদুন্নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম উদযাপন উপলক্ষে ২৮ জানুয়ারী বুধবার সকাল ৮টায় আনজুমান ট্রাস্ট পরিচালনাধীন চন্দ্রঘোনা তৈয়্যবিয়া তাহেরিয়া নুরুল হক জরিনা মহিলা দাখিল মাদরাসা অডিটোরিয়ামে আলোচনা সভা ও সবক্ অনুষ্ঠান মাদরাসার সুপারিনটেনডেন্ট মাওলানা মুহাম্মদ জহুরুল আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন অভিভাবক কমিটির সভাপতি মুহাম্মদ ইউসুফ সওদাগর। প্রধান আলোচক ছিলেন শিক্ষা উপ কমিটির আহ্বায়ক মাওলানা আবদুল মান্নান। আলোচনা করেন মাস্টার মুহাম্মদ আবু তালেব, মুহাম্মদ মিজানুর রহমান চৌধুরী বাবু, মুহাম্মদ সোলাইমান, মুহাম্মদ ইলিয়াছ তালুকদার, কাজি মুহাম্মদ ইমরান, মাস্টার কাজি আকতার হোসেন প্রমুখ।

মাদরাসা শিক্ষিকার বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

আনজুমান ট্রাস্ট পরিচালনাধীন চন্দ্রঘোনা তৈয়্যবিয়া তাহেরিয়া নুরুল হক জরিনা মহিলা দাখিল মাদরাসার শিক্ষিকা কুলসুমা বেগমের বিদায় সংবর্ধনা গত ১৮ জানুয়ারী শনিবার মাদরাসা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

মাদরাসার সুপারিনটেনডেন্ট মাওলানা মুহাম্মদ জহুরুল আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংবর্ধিত শিক্ষিকা কুলসুমা বলেন, এ মাদরাসা এতদঞ্চলে মুসলিম নারীদের ইসলামী নারী শিক্ষা ও সংস্কৃতির বিকাশে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। মাওলানা মুহাম্মদ শহিদুল্লাহর স্বপ্নগলনে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মাওলানা হাফিজ মুহাম্মদ সিরাজুল ইসলাম, কাজী মুহাম্মদ আকতার হোসেন, সৈয়দা উম্মে মুকতুম, তাসলিমা ইসলাম প্রমুখ।

শৌক সংবাদ

প্রবীণ আলেম অধ্যক্ষ আল্লামা

মুফতি মুহাম্মদ ইনামুল হকের

নগরীর কদম মোবারক শাহি জামে মসজিদের খতিব, প্রখ্যাত আলেম দ্বীন, অধ্যক্ষ মুফতি মুহাম্মদ ইনামুল হক (৭৫) ১২ ফেব্রুয়ারী সকাল সোয়া সাতটায় একটি বেসরকারী হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)। তিনি দীর্ঘদিন ধর বার্ষিকাজনিত রোগে ভোগছিলেন। তিনি স্ত্রী, এক ছেলে, দুই মেয়ে, বহু আত্মীয়-স্বজন, বহু শিক্ষার্থী ও

গুণগ্রাহী রেখে গেছেন। ওইদিন এশার নামাযের পর কদম মোবারক প্রাঙ্গণে ইমামে আহলে সুন্নাত আল্লামা কাজী মুহাম্মদ নুরুল ইসলাম হাশেমীর ইমামতিতে মরহুমের নামাযে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর কদম মোবারক কবস্থানে তাঁর লাশ দাফন করা হয়। জানাজায় বিশিষ্ট আলেম, রাজনীতিবিদ, শিক্ষাবিদ-সাংবাদিক, পেশাজীবীসহ বিপুলসংখ্যক মুসল্লি অংশ নেন। এর আগে জোহর নামাযের পর হুজুর কেবলার গ্রামের বাড়ী বোয়ালখালীর পশ্চিম চরণদ্বীপ আতাউল হক চেয়ারম্যানের বাড়ীতে প্রথম জানাজা ও তাঁর দীর্ঘদিনের কর্মস্থল ওয়াজেদিয়া আলিয়া মাদরাসা মাঠে উপাধ্যক্ষ আল্লামা জাহেদ হোসাইন খানের ইমামতিতে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়।

অধ্যক্ষ আল্লামা মুফতি ইনামুল হক চট্টগ্রামের প্রাচীনতম দ্বিনি শিক্ষাপ্রতিষ্ঠান ওয়াজেদিয়া আলিয়া মাদরাসার অধ্যক্ষ, ষোলশহর জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার শায়খুল হাদিসসহ বিভিন্ন মাদরাসায় মুহাদ্দিস ও মুফতি হিসেবে ইসলামের খেদমত করে গেছেন। ১৯৭৮ সাল থেকে ইন্তেকাল পর্যন্ত কদম মোবারক জামে মসজিদে খতিবের দায়িত্ব পালন করেন তিনি।

জানাযার পূর্বে জমায়েতে মরহুমের স্মৃতিচারণ করেন, জামেয়ার ভারপ্রাপ্ত অধ্যক্ষ আল্লামা ছগীর আহমদ ওসমানী, শায়খুল হাদীস মুফতি আল্লামা ওবাইদুল হক নঈমী, কদম মোবারক মসজিদের বর্তমান খতিব অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ বদিউল আলম রেজভী, মসজিদ পরিচালনা ও মহল্লা কমিটির সিরিয়র সহসভাপতি আলহাজ্ব মুহাম্মদ শাহাব উদ্দীন প্রমুখ।

এডভোকেট আহমদুর রহমান চৌধুরী

আনজুমান-এ রহমানিয়া আহমদিয়া সুন্নিয়া ট্রাস্ট ও জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার শুভাকাজক্ষী ও জামেয়ার সাবেক সেক্রেটারী, বিশিষ্ট আইনজীবী, চট্টগ্রাম চন্দনাইশ পৌরসভা নিবাসী এডভোকেট আহমদুর রহমান চৌধুরী গত ৩১ জানুয়ারী ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)। মরহুমের ইন্তেকালে আনজুমান ট্রাস্ট'র সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আলহাজ্ব মুহাম্মদ মহসিন, ভাইস প্রেসিডেন্ট আলহাজ্ব আবু মুহাম্মদ তবিবুল আলম, সেক্রেটারী জেনারেল আলহাজ্ব মুহাম্মদ আনোয়ার হোসেন, এডিশনাল সেক্রেটারী আলহাজ্ব মুহাম্মদ সামশুদ্দিন, জয়েন্ট সেক্রেটারী আলহাজ্ব সিরাজুল হক, ফাইন্যান্স সেক্রেটারী আলহাজ্ব মুহাম্মদ সিরাজুল হক, গাউসিয়া কমিটি বাংলাদেশ'র চেয়ারম্যান আলহাজ্ব পেয়ার মুহাম্মদ, জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়ার চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ দিদারুল ইসলাম, আনজুমান ট্রাস্ট'র সদস্য সাবেক অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা মুহাম্মদ জালালুদ্দীন আলকাদেরী, ভারপ্রাপ্ত অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা মুহাম্মদ ছগীর আহমদ ওসমানী, শায়খুল হাদীস আল্লামা মুফতি ওবাইদুল হক নঈমী, প্রফেসর আলহাজ্ব কাজী শামসুর রহমান, আলহাজ্ব নূর

সংস্থা-সংগঠন-সংবাদ

মুহাম্মদ কন্ট্রোল, আলহাজ্জ শেখ নাছির উদ্দীন আহমদসহ অন্যান্য সদস্যবৃন্দ, গাউসিয়া কমিটি বাংলাদেশের সিনিয়র ভাইস চেয়ারম্যান আলহাজ্জ আনোয়ারুল হক, কেন্দ্রীয় সচিব মুহাম্মদ শাহজাদ ইবনে দিদার, গাউসিয়া কমিটি চট্টগ্রাম মহানগর, উত্তর ও দক্ষিণ জেলাসহ চন্দনাইশ পৌরসভা শাখার বিভিন্নস্তরের কর্মকর্তা-সদস্যবৃন্দ মরহুমের ইন্তেকালে এক বিবৃতিতে গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন এবং তার শোক-সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

তিনি আওলাদে রাসূল (দ.), হাদীয়ে দ্বীন ও মিল্লাত, রাহনুমায়ে শরীয়ত ও ত্বরীকত আল্লামা ক্বারী সৈয়দ আহমদ শাহ সিরিকোট রাহিয়াতুল্লাহ আনহ'র মুরিদ ছিলেন।

মাওলানা মুফতি আমিনুল্লাহ্

রাউজান দারুল ইসলাম ফাযিল মাদরাসার সাবেক শিক্ষক মুফতি আলহাজ্জ মুহাম্মদ আমিনুল্লাহ্ গত ১০ জানুয়ারী ২০১৪ইং ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)। তাঁর বয়স হয়েছিল ৯৫ বৎসর। তিনি খ্রী, ২ পুত্র ও ২ মেয়ে রেখে গেছেন। মরহুম কুতুবুল আউলিয়া হযরতুল আল্লামা সৈয়দ আহমদ শাহ সিরিকোট রাহমাতুল্লাহি আলায়হি'র মুরিদ ছিলেন। রাউজান দারুল ইসলাম ফাযিল মাদরাসা পরিচালনা পরিষদের সভাপতি অধ্যাপক কাজী সামসুর রহমান, সদস্য সচিব আলহাজ্জ কাজী আনোয়ারুল কিবরিয়া, সদস্য আলহাজ্জ কাজী মুজিবুর রহমান, অধ্যক্ষ মাওলানা রফিক আহমদ ওসমানী, মরহুমের ইন্তেকালে গভীর শোক প্রকাশ ও মাগফেরাত কামনা করেছেন।

নাজিম উদ্দীনের স্মরণসভা

পরকালের জন্য কিছু করে গেলে ইহলোক ও পরলোক উভয় স্থানে তিনি সম্মানিত হয়ে থাকেন। মানুষের ভালো কর্মগুলো ইহজগতে যেমন মানুষ স্মরণ রাখে, একইভাবে পরকালে গিয়েও এর ফল হিসেবে বেহেশতে তার স্থান হয়ে যায়। ধর্মীয় রীতি-নীতি অনুসারে জীবন যাপন করলে ইহজগত ও পরজগতে সুখ ও শান্তি হয়। নাজিম উদ্দীন অসহায় মানুষ তথা দ্বীনইসলাম ও তরিকত প্রচারে খেতমদ করে গেছেন বিধায় তিনি মৃত্যুবরণ করলেও মানুষের মাঝে অমর হয়ে বেঁচে থাকবেন সারা জীবন। গত ১৫ ফেব্রুয়ারি শনিবার চন্দনাইশ কেশুয়া পূর্ব পাড়া জামে মসজিদ প্রাঙ্গণে গাউসিয়া কমিটি চন্দনাইশ উপজেলা শাখার উপদেষ্টা সমাজ সেবক মুহাম্মদ নাজিম উদ্দীনের প্রথম মৃত্যু বার্ষিকী স্মরণে আয়োজিত খতমে বোখারী ও মিলাদুনুবি (দ.) মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদের খতিব অধ্যক্ষ আল্লামা জালাল উদ্দীন আলকাদেরী উপরোক্ত কথাগুলো বলেন। অধ্যক্ষ মাওলানা শাখাওয়াত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিলে আরো উপস্থিত ছিলেন, অধ্যক্ষ মাওলানা হারুনুর রশিদ, অধ্যক্ষ মাওলানা খলিলুর রহমান নেজামী, গাউসিয়া কমিটি দক্ষিণ জেলার সাবেক সভাপতি মাওলানা আব্দুস সবুর চৌধুরী,

মাওলানা আনোয়ারুল ইসলাম খান, অধ্যক্ষ মাওলানা মোকতার আহম্মদ, উপজেলা চেয়ারম্যান আব্দুল জব্বার চৌধুরী, পৌর মেয়র আলহাজ্জ আইয়ুব কুতুবী, সাংবাদিক পারভেজ ই ফারুকী, সাংবাদিক এড. মুহাম্মদ দেলোয়ার হোসেন, মাওলানা সেলিম উদ্দিন আনোয়ারী, মাওলানা ইকবাল মুজাদ্দেদী, এটিএম খোরশেদুল ইসলাম, মরহুমের পুত্র মঈন উদ্দিন রফকন, মাওলানা সিদ্দিক আহম্মদ নঈমী, মাওলানা সাইফুল ইসলাম, সেলিম উদ্দিন প্রমুখ।

আবুল হাসান চৌধুরী

গাউসিয়া কমিটি বাংলাদেশ রাষ্ট্রাঙ্গাটি জেলা সভাপতি আলহাজ্জ আবুল হাসান চৌধুরী গত ২৫ ফেব্রুয়ারি বিকাল ৪ রাষ্ট্রাঙ্গাটি রিজার্ভ বাজারস্থ নিজ বাসভবনে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহি রাজেউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি ১ ছেলে ও তিন মেয়েসহ বহু আত্মীয়স্বজন, গুণগ্রাহী রেখে গেছেন। মরহুমের জীবদ্দশায় সংগঠন ও সিলসিলার প্রতিটি ক্ষেত্রে অতি আন্তরিকতা ও নিষ্ঠার সাথে খেদমত করে গেছেন যা অতুলনীয়। গাউসিয়া কমিটির চেয়ারম্যান আলহাজ্জ পেয়ার মুহাম্মদ, সিনিয়র ভাইস চেয়ারম্যান আলহাজ্জ আনোয়ারুল হক, ভাইস চেয়ারম্যান আলহাজ্জ মুহাম্মদ আব্দুল হামিদ, মহাসচিব মুহাম্মদ শাহজাদ ইবনে দিদার, যুগ্ম মহাসচিব আলহাজ্জ এডভোকেট মোসাহেব উদ্দিন বখতেয়ার, যুগ্ম মহাসচিব এম মাহবুবুল হক খান, সাংগঠনিক সম্পাদক আরহাজ্জ মাহবুব এলাহী শিককার, অর্থ সম্পাদক আলহাজ্জ মুহাম্মদ আবুল মনসুর মরহুমের রুহের মাগফিরাত কামনার্থে বিশেষ দোয়া এবং মরহুমের শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। তারা বলেন, 'মরহুমের ইন্তেকারে স্থানীয় গাউসিয়া কমিটির কর্মকর্তা ও পীরভাইয়েরা একজন দায়িত্ববান অভিভাবকে হারিয়েছেন। আমরা হারিয়েছি একজন দায়িত্বশীল সৎ ও নিষ্ঠাবান প্রতিনিধি।

মোস্তাফিজুর রহমানের জেয়াফত সম্পন্ন

আওলাদে রাসূল মোরশেদে বরহক রাহনুমায়ে শরীয়ত ও ত্বরীকত আল্লামা হাফেজ ক্বারী সৈয়দ মুহাম্মদ তৈয়্যব শাহ্ রাহমাতুল্লাহি আলায়হি'র অন্যতম খলিফা আলহাজ্জ আমিনুর রহমান সওদাগরের ১ম পুত্র আলহাজ্জ মোস্তাফিজুর রহমানের মাগফিরাত কামনায় জেয়াফত সম্পন্ন হয়। গত ১৯ ফেব্রুয়ারী জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়াস্থ আলমগীর খানকা শরীফে এ উপলক্ষে পবিত্র খতমে কোরআন, খতমে গাউসিয়া শরীফ ও মিলাদ মাহফিল সহ বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়। শেষে মরহুমের রুহের মাগফিরাত কামনায় মুনাজাত সম্পন্ন হয়। ওই দিন কিং অব চিটাগাং-এ জেয়াফতের আয়োজন করা হয়। এতে বহুগণ্যমান্য ব্যক্তিবর্গ শরিক হন। উল্লেখ্য, তিনি গত ৬ সেপ্টেম্বর ২০১৩ ইংরেজি ইন্তেকাল করেন।

সংস্থা-সংগঠন-সংবাদ

শোক সংবাদ

বাংলা বাজারস্থ মরহুম আলহাজ্ব আবদুল জব্বার মাস্টারের স্ত্রী গাউসিয়া কমিটি বাংলা বাজার শাখার সভাপতি আলহাজ্ব আইয়ুব দোভাশের স্বাশুড়ী গত ১৯ ফেব্রুয়ারী ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)। গাউসিয়া কমিটি বাংলা বাজার শাখার পক্ষ হতে মরহুমের রুহের মাগফিরাত কামনা ও শোকাহত পরিবারবর্গের গাউসিয়া কমিটির সমবেদনা জানানো হয়। মরহুমা আওলাদে রাসূল সৈয়দ মুহাম্মদ তৈয়্যব শাহ্ রাহমাতুল্লাহি আলায়হি'র মুরিদ ছিলেন।

সাংবাদিক লেকক

আবসার মাহফুজের পিতার ইন্তেকাল

চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের (সিইউজে) অর্থ সম্পাদক আবসার মাহফুজের পিতা ব্যবসায়ী শাহ্ মুহাম্মদ মুসা গত ১৬ ফেব্রুয়ারি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)। তাঁর বয়স হয়েছিলো ৭৫ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, সাত পুত্র, ও তিন কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে যান। পরদিন বেলা ১১টায় পটিয়ার বড়লিয়া ইউনিয়নের সৈয়দ খান জামে মসজিদে নামাযে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। তাঁর মৃত্যুতে সিইউজে সভাপতি শহীদ উল আলম ও সাধারণ সম্পাদক রিয়াজ হায়দার চৌধুরী এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছেন। বিবৃতিতে তারা মরহুমের আত্মার মাগফেরাত কামনা করে শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। মাসিক তরজুমান এর নিয়মিত লেখক আবসার মাহফুজের পিতা শাহ্ মুহাম্মদ মুসার ইন্তেকালে মাসিক তরজুমান সম্পাদনা পরিষদের পক্ষ হতে গভীর শোক প্রকাশ করা হয় ও তাঁর শোকাহত পরিবার বর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

শোক সংবাদ

গাউসিয়া কমিটি পশ্চিম পটিয়া ৮নম্বর কাশিয়াইশ ইউনিয়ন শাখার সহ-সভাপতি মুহাম্মদ জয়নাল আবেদীন'র পিতা মুহাম্মদ

আবুল বশর গত ২২ ফেব্রুয়ারী, নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন)।

গাউসিয়া কমিটি পশ্চিম পটিয়া শাখার সভাপতি আলহাজ্ব মুহাম্মদ ছগীর চৌধুরী, সেক্রেটারী মুহাম্মদ এয়াকুব আলী, ৮নম্বর কাশিয়াইশ ইউনিয়ন সভাপতি মুহাম্মদ নূর উদ্দীন ও সেক্রেটারী মুহাম্মদ ফোরকান সহ কর্মকর্তা ও সদস্যবৃন্দ তাঁর মৃত্যুতে গভীর কৌশ প্রকাশ করেন ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

আবুল কাসেম

গাউসিয়া কমিটি সন্দ্বীপ উপজেলার সাবেক সভাপতি ও উপদেষ্টা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক কর্মকর্তা মুহাম্মদ আবুল কাসেম গত ১৮ জানুয়ারী ইন্তেকাল করেন। গাউসিয়া কমিটি সন্দ্বীপ উপজেলার সভাপতি মাওলানা কাজী জামাল উদ্দীন, সহসভাপতি হাফেজ আহমদ কোম্পানী, ও সেক্রেটারী মাওলানা মুহাম্মদ এহসান উল্লাহ্ সহ কর্মকর্তাবৃন্দ গভীর শোক প্রকাশ করেন এবং তাঁর শোকাহতপরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

লায়লা বেগম

গাউসিয়া কমিটি রাউজান ডাবুয়া নতুন পাড়া ইউনিট সভাপতি আনজুমানের বক্স কালেক্টর মুহাম্মদ নূরুল ইসলাম তালুকদারের মাতা লায়লা বেগম গত ২ ফেব্রুয়ারী ডাবুয়াস্থ নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাজেউন), মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৭৭ বছর। তাঁর নামাযে জানাজায় ইমামতি করেন তাঁর দ্বিতীয় পুত্র মাওলানা আ. স. ম রফিকুল ইসলাম রিজভী। জানাজা শেষে মিলাদ ও মুনাজাত করেন অধ্যক্ষ মাওলানা ইলিয়াছ নূরী। স্থানীয় গাউসিয়া কমিটির নেতৃবৃন্দ তাঁর ইন্তেকালে শোক প্রকাশ করেন ও মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন।